

Tomar Khola Hawa Lyrics in Bengali

তোমার খোলা হাওয়া, লাগিয়ে পালে
তোমার খোলা হাওয়া, লাগিয়ে পালে
তোমার খোলা হাওয়া।

টুকরো করে কাছি
আমি ডুবতে রাজি আছি,
আমি ডুবতে রাজি আছি
তোমার খোলা হাওয়া, লাগিয়ে পালে
তোমার খোলা হাওয়া।

সকাল আমার গেল মিছে
বিকেল যে যায় তারি পিছে গো (x2)
রেখো না আর, বেঁধো না আর
কূলের কাছাকাছি
আমি ডুবতে রাজি আছি,
আমি ডুবতে রাজি আছি
তোমার খোলা হাওয়া, লাগিয়ে পালে
তোমার খোলা হাওয়া।

মাঝির লাগি আছি জাগি
সকল রাত্রিবেলা
চেউগুলো যে আমায় নিয়ে
করে কেবল খেলা (x2)
ঝড়কে আমি করব মিতে
ডরব না তার ঝকুটিতে,
ঝড়কে আমি করব মিতে
ডরব না তার ঝকুটিতে
দাও ছেড়ে দাও, ওগো
আমি তুফান পেলে বাঁচি
আমি ডুবতে রাজি আছি,
আমি ডুবতে রাজি আছি
তোমার খোলা হাওয়া, লাগিয়ে পালে
তোমার খোলা হাওয়া।..